

উন্নতমানের রাবার ক্লোন আমদানির তথ্য

- ভারত ও শ্রীলংকা হতে উচ্চ ফলনশীল ক্লোন আমদানির জন্য ইমপোর্ট পারমিট চেয়ে বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক ২০১৯ সালে কৃষি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে কৃষি মন্ত্রণালয়ের ন্যাশনাল প্লান্ট কোয়ারেন্টাইন অথরিটি কর্তৃক গত ১৫/০৭/২০২০ তারিখে ৪মাসের জন্য (অনুমতি প্রদানের তারিখ হতে) ইমপোর্ট পারমিট প্রদান করে। বিশ্বব্যাপী করোনা মহামারীর কারণে বর্ণিত সময়ের মধ্যে ক্লোন আমদানি কার্যক্রম সম্পন্ন হয়নি এবং ইমপোর্ট মেয়াদ ১৫/১১/২০২০ তারিখে শেষ হয়ে যাওয়ায় এবং রাবার চারা গ্রাফটিং/বাডিং এর উপযুক্ত সময় এপ্রিল-জুন হওয়ায় ইমপোর্ট পারমিটের মেয়াদ আগস্ট ২০২১ পর্যন্ত বৃদ্ধি করার জন্য গত ২৭/০৮/২০২০ তারিখে পরিচালক, উদ্ভিদ সংগ নিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়।
- ৩ হাজার করে বাড স্টিক আমদানির জন্য রাবার রিচার্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া রাবার বোর্ড এবং রাবার রিচার্স ইনস্টিটিউট অব শ্রীলংকাকে গত ২৩/০৭/২০২০ তারিখে ই-মেইলে পত্র প্রেরণ করা হয়। ভারত হতে প্রাপ্ত ই-মেইলে উল্লেখ করা হয় যে, তাঁরা ৫মিটার উচ্চতার ৫টি বাড স্টিক দিতে পারবে এবং শ্রীলংকা হতে প্রাপ্ত ই-মেইলে উল্লেখ করা হয় যে, করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে ক্লোন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভারত হতে ক্লোন আমদানির জন্য বাংলাদেশ হাইকমিশন ভারত এর মাধ্যমে ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ে যোগাযোগ করার লক্ষ্যে বাংলাদেশ রাবার বোর্ড কর্তৃক ২১/০৩/২০২১ তারিখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে এবং ১৮/১১/২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। এরই প্রেক্ষিতে বাংলাদেশ হাইকমিশন ভারত এর মাধ্যমে ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ে অনুরোধ করার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক পররাষ্ট্র ও বাণিজ্য মন্ত্রণালয়ে ১৪/০৯/২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক কমার্শিয়াল কাউন্সিলর, বাংলাদেশ হাইকমিশন, ভারত এ গত ২০/০৯/২০২১ খ্রিঃ তারিখ পত্র প্রেরণ করা হয়। অতঃপর ০৮/১২/২০২১ তারিখে বাণিজ্য মন্ত্রণালয় হতে পুনরায় বাংলাদেশ হাইকমিশন, পত্র প্রেরণ করা হয়।
- গত ০২/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ-ভারত Joint Working Group on Trade এর ১৪তম সভায় ভারত হতে রাবার ক্লোন আমদানি বিষয়ে আলোচনা হয় এবং তাঁরা বাংলাদেশে ক্লোন প্রেরণে সম্মত হন। ভারত কর্তৃক আনুষ্ঠানিকভাবে বাংলাদেশের বাণিজ্য মন্ত্রণালয়ে ক্লোন আমদানির জন্য প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ভারতের রাবার রিচার্স ইনস্টিটিউট হতে ০৪/০৭/২০২২ তারিখে বাংলাদেশ রাবার বোর্ডকে পত্র প্রেরণ করা হয়। মূখ্যবৈজ্ঞানিক কর্মকর্তা রাবার রিচার্স ইনস্টিটিউট অব ইন্ডিয়া হতে পত্রে উল্লেখ করা হয় যে, তারা (RR11-430 এবং RR11-417) ২প্রজাতির ক্লোন এর ৫টি বাড স্টিক বাংলাদেশকে সরবরাহ করবে। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট কর্তৃক জানানো হয় যে, ক্লোন ২টি ইন্ডিয়ান Smart ক্লোন নামে পরিচিত। ক্লোন ২টির উৎপাদন এদেশে অর্থনৈতিকভাবে লাভজনক হবে এবং এদেশের পরিবেশের জন্যও উপযোগী হবে।